

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম।

ই-মেইলঃ- Lohagara@uhfpo.dghs.gov.bd

স্মারক নং-উঃস্বাঃওপঃপঃকঃ/লোহা/২০২১/৬৪২৭

তারিখঃ-১৪/১০/২০২১ ইং

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরের আওতায় চলমান বিষয়ে স্থায়ী কমিটির সভার আয়োজন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ২০-১০-২০২১ ইংরেজী তারিখ দুপুর ২.০০ ঘটিকায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লোহাগাড়া, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষে উপজেলা হাসপাতাল এর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপজেলা হাসপাতাল এর স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যদের উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক

----- (সদস্য)

লোহাগাড়া, চট্টগ্রাম।

১৪/১০/২১
(ডাঃ মোহাম্মদ হানিফ)

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
লোহাগাড়া, চট্টগ্রাম।

১৪/১০/২১

তারিখঃ-১৪/১০/২০২১ ইং

স্মারক নং-উঃস্বাঃওপঃপঃকঃ/লোহা/২০২১/

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হইল।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, লোহাগাড়া, চট্টগ্রাম।

৩। জনাব,, লোহাগাড়া, চট্টগ্রাম।

৪। দপ্তর নথি।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
লোহাগাড়া চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম।

ই-মেইলঃ- Lohagara@uhfpo.dghs.gov.bd

স্মারক নং-উঃস্বঃওপঃপঃকঃ/লোহা/২০২১/৬৪৭৬
সভার নাম:- উপজেলা হাসপাতাল এর স্থায়ী কমিটির সভা।
সভার তারিখ :-২০.১০.২০২১ ইং
সময় :- দুপুর ০২:০০ টা।
স্থানঃ- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লোহাগাড়া, চট্টগ্রাম।

তারিখঃ- ২০/১০/২০২১ ইং

সভাপতি : বেগম জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ লোহাগাড়া, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

- ১। বেগম জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।-----সভাপতি।
- ২। জনাব এম. ইব্রাহিম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।-----সদস্য।
- ৩। জনাব মোঃ জহির উদ্দিন, চেয়ারম্যান, পদুয়া ইউপি-----সদস্য।
- ৪। বেগম শিরিন আকতার, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।-----সদস্য।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, লোহাগাড়া, চট্টগ্রাম।-----সদস্য সচিব।

আলোচ্য সূচী:-

- ১। কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম।
- ২। রোগী কল্যাণ সমিতি
- ৩। হাসপাতালের প্রধান গেইট স্থাপন
- ৪। বিবিধ

কমিটির সভাপতি উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জেসমিন আক্তার মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয়কে সভার কাজ শুরু করতে বলেন। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচনা ও সিদ্ধান্ত সমূহ

আলোচনা:- ১ নং:- কমিউনিটি ক্লিনিকের কার্যক্রমে সভায় আগত সদস্যবৃন্দ সন্তুষ্টি প্রকাশ করেন। কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে কমিউনিটি ক্লিনিকে নিয়মিত ঔষধ প্রদান মনিটরিং করার জন্য উপজেলার জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করার জন্য উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা কে অনুরোধ করেন।

সিদ্ধান্ত:- সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে কমিটিতে কার্যক্রম জোরদার করার ব্যাপারে সকল সদস্য অভিমত পেশ করেন।

আলোচনা:- ২ নং:- হাসপাতালের রোগী কল্যাণ সমিতির টাকা দিয়ে বিকল্প পদ্ধতিতে রোগীদের সেবা দেওয়ার জন্য কমিটির সকল সদস্যদের বিশেষভাবে অনুরোধ করেন।

সিদ্ধান্ত:- সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে কমিটিতে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করার ব্যাপারে সকল সদস্য অভিমত পেশ করেন ও স্বাস্থ্য সেবার মান উন্নয়নের ব্যাপারে আলোচনা করারও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচনা:- ৩ নং:- হাসপাতালের সামনে একটি প্রধান ফটক/গেইট নির্মাণের প্রস্তাব দেন পদুয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জহির উদ্দিন। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার সভাপতি মহোদয়ের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন কমিটির সম্মানিত সভাপতি।

সিদ্ধান্ত:- সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে কমিটির সকল সদস্য অভিমত পেশ করেন ও এ ব্যাপারে আলোচনা করারও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় আর কোনো আলোচ্যসূচী না থাকায় সম্মানিত সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জেসমিন
জেসমিন আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লোহাগাড়া, চট্টগ্রাম।
ও
সভাপতি
উপজেলা হাসপাতালের স্থায়ী কমিটি
লোহাগাড়া, চট্টগ্রাম।